

Prime Minister participates in 16th East Asia Summit on October 27, 2021

October 27, 2021

প্রধানমন্ত্রী ১৬-তম পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে 27 অক্টোবর, 2021 যোগ দিয়েছেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১৬-তম পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে যোগ দিয়েছেন।

এই শীর্ষ সম্মেলনের আয়োজক দেশ ছিল ব্রুনাই। আশিয়ান ভুক্ত দেশ হিসেবে এর অন্তর্গত অস্ট্রেলিয়া, চীন, জাপান, দক্ষিণ কোরিয়া, রাশিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র এবং ভারতের শীর্ষ নেতৃস্থ উপস্থিত ছিলেন। ভারত পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে প্রত্যক্ষ দেশ হিসেবে যোগদান করে। ভারতের প্রধানমন্ত্রীর এটি ছিল সপ্তম পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলন।

এই শীর্ষ সম্মেলনে তাঁর বক্তব্যে, প্রধানমন্ত্রী ভারত-প্রশান্ত মহাসাগরীয় দেশগুলির প্রধানদের নেতৃত্বে গঠিত ফোরাম হিসাবে পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনের গুরুত্বের কথা পুনরায় উল্লেখ করে বলেন, বিভিন্ন গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়ে আলোচনার জন্য এই শীর্ষ সম্মেলনের মাধ্যমে সমস্ত দেশ গুলি একত্রিত হয়।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে করোনা অতিমারির বিরুদ্ধে লড়াই করার জন্য ভারতের প্রচেষ্টার কথা তুলে ধরেন। তিনি এই অতিমারি মোকাবিলায় আত্মনির্ভর ভারত প্রচার অভিযানের কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী তাঁর ভাষণে অর্থনীতি এবং বাস্তু তন্ত্র ও জলবায়ুর ভারসাম্যের ওপর ধারাবাহিকতা বজায় রাখতে গুরুত্ব দেন।

এই ১৬-তম পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে আঞ্চলিক এবং আন্তর্জাতিক স্তরের বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় যেমন, ভারত-প্রশান্ত মহাসাগরীয়, দক্ষিণ-চীন সাগরীয়, রাষ্ট্রসঙ্ঘের সমুদ্র আইন বিষয়ক সনদ, সন্ত্রাসবাদ এবং কোরিয়ান উপদ্বীপ ও মায়ানমারের সমস্যা নিয়েও আলোচনা করা হয়।

প্রধানমন্ত্রী ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে "আশিয়ান সেন্ট্রালিটি" নিশ্চিত করে আশিয়ান আউটলুকের মধ্যে সমন্বয়ের কথা উল্লেখ করেন।

পূর্ব-এশীয় শীর্ষ সম্মেলনে যোগদানকারী দেশ গুলির নেতারা মানসিক স্বাস্থ্য, পর্যটনের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন পুনরুদ্ধার এবং ধারাবাহিক উন্নয়ন-এই তিনটি বিষয়ের ওপর প্রস্তাব গ্রহণ করেন। এই শীর্ষ সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী সহ অন্যান্য দেশের নেতাদের মধ্যে একটি ফলপ্রসূ মত বিনিময় সম্পন্ন হয়েছে।

নিউ দিল্লি

অক্টোবর 27, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.